# উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা এর জুলাই, ২০২২ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | এজাজ আহমেদ চেয়ারম্যান, ডুমুরিয়া উপজেলা পরিষদ, খুলনা। |
| সভার স্থান | ঃ | "সভাকক্ষ" উপজেলা কমপ্লেক্স সম্প্রসারিত প্রশাসনিক ভবন, ডুমুরিয়া, খুলনা। |
| সভার তারিখ ও সময় | ঃ | ৩১ জুলাই ২০২২, সময় সকাল ১১.০০ টা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | ঃ | পরিশিষ্ট 'ক' |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার ডুমুরিয়া খুলনাকে এজেন্ডাভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার আলোচ্য সূচী অনুসারে গৃহীত বিষয়সমূহ আলোচনা করেন এবং সে অনুযায়ী সর্বসম্মতিভাবে সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

অতঃপর তিনি আলোচ্যসূচি অনুসারে গৃহীত বিষয়সমূহ আলোচনা করেন এবং সে অনুযায়ী সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কর্তৃক বিগত ৩১ জুলাই -২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী অদ্যকার সভায় উপস্থাপন করা হয়। বিষয়টি সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করার প্রতি গুরুত্বারোপ করে আলোচনা হয়। কোনরূপ সংশোধনি প্রস্তাব নেই। | কোন সংশোধনী প্রস্তাব না থাকায় ৩১ জুলাই-২০২২ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা |
| ২. | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সভায় আলোচনা হয়। সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নপূর্বক পরবর্তী সভার পূর্বে অবহিত করলে কার্যবিবরণী প্রস্তুতে সহায়ক হয়। সিদ্ধান্ত বাস্তবায়নে অগ্রগতি সন্তোষজনক। | সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন এবং নতুন এজেন্ডা সম্পর্কিত প্রতিবেদন ১৫ দিনের মধ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তা। ডুমুরিয়া, খুলনা |
| | ই-নথি কার্যক্রম | উপজেলা পর্যায়ে উপজেলা ভূমি অফিস, সমবায়, সমাজসেবা, মহিলা বিষয়ক অধিদপ্তর প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা দপ্তরকে ই-নথিতে উপজেলা নির্বাহী অফিসারের সাথে সংযোগ স্থাপন করা হয়েছে। এসব দপ্তরের সাথে ই-নথিতে পত্রালাপ শুরু করা হয়েছে। উপজেলা পর্যায়ের অপরাপর অফিসসমূহের সাথে সংযোগ স্থাপন পর্যায়ক্রমে হবে। আপাতত ই-মেইল ও মোবাইলের মাধ্যমে পত্র প্রদান অব্যাহত রাখা হয়েছে। ই-নথিতে ডুমুরিয়া উপজেলার কার্যক্রম সন্তোষজনক। | প্রতিদিন সকালে ই-নথির ডাক অবলোকন ও নিস্পত্তি নিস্পত্তি করতে হবে। সংযোগস্থাপনকৃত অফিসসমূহ ই-নথিতে নোট অনুমোদন ও পত্র প্রদান নিশ্চিত করতে হবে। | সকল দপ্তর প্রধান এবং প্রশাসনিক কর্মকর্তা ও সহকারি প্রোগ্রামার |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩. | কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ধারা ২৯ এর বিধান মোতাবেক ১৭টি স্থায়ী কমিটি রয়েছে। বিধি মোতাবেক উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদ্বয় কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন। অপরাপর দপ্তর হতে স্থায়ী কমিটির সভা হলেও কাযবিবরণী ও সুপারিশমালা প্রেরণ করেননি। বিষয়ট নিয়ে সভায় আলোচনা হয়। দপ্তরভিত্তিক কাজের স্বচ্ছতা, জবাবদিহিতাবৃদ্ধি ও পরিষদের কাজের সহায়তার জন্য স্থায়ী কমিটির কার্যকর করা অত্যান্ত জরুরী মর্মে সভায় আলোচনা হয়। | উপজেলা পরিষদের কাজের সহায়তার নিমিত্ত ১৭ (সতের) টি স্থায়ী কমিটি নিয়মিত সভা আহবান ও সুপারিশ সম্বলিত কাযবিবরণী প্রেরণ নিশ্চিত করবেন। | ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৪. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান করোনা মোকাবেলায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কর্মরত সকল চিকিৎসক তৎপর রয়েছেন। নিয়মিত করোনা পরীক্ষা ও করোনা রোগীদের পরামর্শ প্রদান করছেন। করোনার ভয়াবহতার বিবরণ দিয়ে জানান জনগন স্বাস্থ্য বিধি মেনে চলছেন বলেই ডুমুরিয়া অন্যান্য উপজেলা হতে ভাল অবস্থানে রয়েছে। তিনি স্বাস্থ্য বিধি মেনে চলার প্রতি অধিকতর গুরুত্ব প্রদানের জন্য সকলকে অনুরোধ জানান। | স্বাস্থ্য বিধি মেনে চলাচল নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চেয়ারম্যান (সকল) ডুমুরিয়া, খুলনা |
| ৫. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সভায় জানান যে, অত্র ডুমুরিয়া উপজেলার পরিবার পরিকল্পনা বিভাগের নিয়ন্ত্রনাধীন আটলিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে ৬ টি শিরিশ গাছ শুকিয়ে গেছে, ২ টির মাথা ঝড়ে ভেঙ্গে গেছে, শোভনা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রের ২ টি শিরিশ গাছ শুকিয়ে গেছে, ২ টি শিরিশ গাছ বাউন্ডারী ওয়ালের উপর দিয়ে রাস্তার উপর হেলে পড়েছে এবং ১ টি মেহগুনি গাছ ইউনিয়ন পরিষদের উপর হেলে পড়েছে। এছাড়া সাহস ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে ১ টি শিরিশ গাছ হেলে বৈদ্যুতিক তারের উপর পড়েছে এবং গাছটির শিকড় ক্লিনিক ভবনের নিচ দিয়ে যাওয়াতে ভবনের কিছু অংশে ফাটল ধরেছে। উল্লেখ্য যেসব গাছের ডাল শুকিয়ে গেছে সেসব গাছের শুকনা ডাল-পালা নিয়মিত বাতাসে ভেঙ্গে পড়ে ক্লিনিক ও আবাসিক ভবনের ক্ষতি সাধন করছে। যার ফলে বাউন্ডারী ওয়াল ক্ষতিগ্রস্থ হচ্ছে, ওয়ালে ফাঁটল ধরছে এবং ক্লিনিক সহ পার্শ্ববর্তী বাড়ী ও রাস্তার পথচারী ঝুঁকিতে আছে। এমতাবস্থায় উক্ত ১৪ (চৌদ্দ) টি | যে সমস্ত গাছগুলি ঝুকিপূর্ন অবস্থায় রয়েছে সে সমস্ত গাছগুলি বিধি মোতাবেক নিলামে গাছগুলি বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা বন কর্মকর্তা ডুমুরিয়া, খুলনা |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ঝুঁকিপূর্ন গাছ কর্তন একান্ত প্রয়োজন। | | |
| ৬. | উপজেলা প্রকৌশলী ডুমুরিয়া, খুলনা। | (ক) উপজেলা প্রকৌশলী ডুমুরিয়া,খুলনা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত স্কীমসমূহের মধ্য হতে কাজ করার জায়গা না থাকায়/ অন্য প্রকল্প থেকে কাজ সম্পন্ন হওয়ায় স্থানীয় জনগনের চাহিদার প্রেক্ষিতে ও অন্যান্য কারনে নিম্ন বর্নিত স্কীমগুলো পরিবর্তন আবশ্যক। | (ক) ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত স্কীমসমূহের মধ্য হতে কাজ করার জায়গা না থাকায়/ অন্য প্রকল্প থেকে কাজ সম্পন্ন হওয়ায় স্থানীয় জনগনের চাহিদার প্রেক্ষিতে ও অন্যান্য কারনে নিম্ন বর্নিত স্কীমগুলো পরিবর্তন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা। |
| | | (খ) তিনি সভায় আরও জানান যে, উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাষ্টার প্লান প্রনয়ন ও মৌখিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের (UTMIDP) আওতায় মেছাঘোনা-বাহাদুরপুর সড়ক চেইনেজ ০০-১১৪০ মিটার বিসি দ্বারা উন্নয়ন (e-Tender ID NO-543421) কাজটি ঠিকাদার নিশি টেক এন্টারপ্রাইজ,গাঘা,কোটাকোল,লোহাগড়া,নড়াইল কর্তৃক ১০/০৩/২০২২ খ্রিঃ তারিখে সমাপ্তির লক্ষ্যে চুক্তিবদ্ধ হন। কিন্তু বর্ষার কারনে রাস্তাটির পার্শ্বে নদী থাকায় রাস্তাটি ভেঙ্গে জনসাধারণের যাতায়াত বিচ্ছিন্ন হয়ে যায় ফলে মালামাল পরিবহনে সমস্যার সৃষ্টি হয় এবং জনসাধারনের চলাচলের অসুবিধা হচ্ছে। কাজটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সময় বৃদ্ধির জন্য ঠিকাদার আবেদন করেছেন। আবেদনটি উপজেলা পরিষদের সুপারিশের ভিত্তিতে এলজিইডি সদর দপ্তরে প্রেরণ করা হবে। | (খ) এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে, সরকারী উন্নয়নের স্বার্থে আগামী ৩০/১১/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত সময় বর্ধনের সুপারিশসহ এলজিইডি সদর দপ্তরে প্রেরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য উপজেলা প্রকৌশলীকে বলা হলো এ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |

**(ক) উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের ০৪টি বাসাবাড়ী এবং শরাফপুর ও রঘুনাথপুর ইউনিয়ন পরিষদ ভবন মেরামত কাজ বাস্তবায়নের জন্য দরপত্র আহবান করা হয়। নির্ধারিত ২৩/০৫/২০২২ ইং তারিখে দরপত্র পাওয়া যায় এবং ঠিকাদারের দেয় দর নিম্নরূপঃ-**

১। শাপলা ভবন মেরামত কাজের ০৩টি দরপত্র পাওয়া যায়। উহার মধ্যে বিশ্বজিত কুন্ডু, ডুমুরিয়া, খুলনা ৭৯৮৮৩৪.৪৮ টাকা দর দাখিল করিয়া সর্বনিম্ন দরদাতা হয়েছেন।



ন্ডুনা) স্বাক্ষর

২। মল্লিকা ভবন মেরামত কাজের ০৩টি দরপত্র পাওয়া যায়। উহার মধ্যে বিশ্বজিত কুন্ডু, ডুমুরিয়া, খুলনা ৬৯৮৮৬৭.৪২ টাকা দর দাখিল করিয়া সর্বনিম্ন দরদাতা হয়েছেন।
৩। পলাশ ভবন মেরামত কাজের ০৩টি দরপত্র পাওয়া যায়। উহার মধ্যে বিশ্বজিত কুন্ডু, ডুমুরিয়া, খুলনা ৬৯৯৩৩৬.৪৯ টাকা দর দাখিল করিয়া সর্বনিম্ন দরদাতা হয়েছেন।
৪। ছায়াবিথী ভবন মেরামত কাজের ০৩টি দরপত্র পাওয়া যায়। উহার মধ্যে বিশ্বজিত কুন্ডু, ডুমুরিয়া, খুলনা ৪৯৯৩৫০.০৭ টাকা দর দাখিল করিয়া সর্বনিম্ন দরদাতা হয়েছেন।
৫। শরাফপুর ইউনিয়ন পরিষদ ভবন মেরামত কাজের জন্য ৬১টি দরপত্র পাওয়া যায়। লটারীর মাধ্যমে ১ম বিজয়ী হন মেসার্স আলিফ এন্টারপ্রাইজ, গোবরচাকা, খুলনা। যার দাখিলকৃত দর ৯৫০০০০.০০ টাকা।
৬। রঘুনাথপুর ইউনিয়ন পরিষদ ভবন মেরামত কাজের জন্য ৬০টি দরপত্র পাওয়া যায়। লটারীর মাধ্যমে ১ম বিজয়ী হন মোঃ তারেক আজিজ, বসুপাড়া, খুলনা। যার দাখিলকৃত দর ৯৫০০০০.০০ টাকা।
ঠিকাদারের দেয় দর অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

**(খ) ২০২১ -২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় ৬টি প্যাকেজের কাজ বাস্তবায়নের জন্য দরপত্র আহবান করা হলে সকল ঠিকাদার ৫% নিম্নদর দাখিল করেন। যাহা নিম্নরূপঃ-**

প্যাকেজ নং- ADP/DUMU/2021-22/W-01 কাজের জন্য ৪১টি দরপত্র পাওয়া যায়। অনলাইনে লটারীর মাধ্যমে ১ম বিজয়ী হন মেসার্স সৈকত এন্টারপ্রাইজ, হাজরাকাটি, তালা, সাতক্ষীরা। যার দাখিলকৃত দর ১২,২১,৭০০.০০ টাকা।
প্যাকেজ নং- ADP/DUMU/2021-22/W-02 কাজের জন্য ৪৭টি দরপত্র পাওয়া যায়। অনলাইনে লটারীর মাধ্যমে ১ম বিজয়ী হন খান শাহীন, ডুমুরিয়া, খুলনা । যার দাখিলকৃত দর ১৩,৭৭,৫০০.০০ টাকা।
প্যাকেজ নং- ADP/DUMU/2021-22/W-03 কাজের জন্য ৩৬টি দরপত্র পাওয়া যায়। অনলাইনে লটারীর মাধ্যমে ১ম বিজয়ী হন মেসার্স সৈকত এন্টারপ্রাইজ, হাজরাকাটি, তালা, সাতক্ষীরা । যার দাখিলকৃত দর ৮,৭৪,০০০.০০ টাকা।
প্যাকেজ নং- ADP/DUMU/2021-22/W-04 কাজের জন্য ৪৫টি দরপত্র পাওয়া যায়। অনলাইনে লটারীর মাধ্যমে ১ম বিজয়ী হন আলমগীর খান, ছোট বাহিরদিয়া, ফকিরহাট, বাগেরহাট। যার দাখিলকৃত দর ৮,৮৩,৫০০.০০ টাকা।
প্যাকেজ নং- ADP/DUMU/2021-22/W-05 কাজের জন্য ৩৮ টি দরপত্র পাওয়া যায়। অনলাইনে লটারীর মাধ্যমে ১ম বিজয়ী হন মেসার্স বাপ্পী সাহা, ডুমুরিয়া, খুলনা । যার দাখিলকৃত দর ১১,২১,০০০.০০ টাকা।
প্যাকেজ নং- ADP/DUMU/2021-22/W-06 কাজের জন্য ৩৮ টি দরপত্র পাওয়া যায়। অনলাইনে লটারীর মাধ্যমে ১ম বিজয়ী হন আকাশ কনস্ট্রাকশন, পাইকগাছা, খুলনা। যার দাখিলকৃত দর ১১,৭৮,০০০.০০ টাকা।
ঠিকাদারের দেয় দর অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

গ) উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাষ্টারপ্লান প্রনয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের অধীনে নিম্নে বর্ণিত স্কীম সমূহ বাস্তবায়নের জন্য প্রকল্প ও প্রাক্কলিত মূল্য অনুমোদনের জন্য তিনি সভায় উপস্থাপন করেন।
১.ডুমুরিয়া বাজারে কসাইখানা নির্মান। যাহার প্রাক্কলিত মূল্য=১৫,০০,০০০.০০টাকা ২. ডুমুরিয়া বাজারে পাবলিক টয়লেট নির্মান। যাহার প্রাক্কলিত মূল্য=৪০,০০,০০০.০০ টাকা। ৩. ডুমুরিয়া বাজারে সেড নির্মান । যাহার প্রাক্কলিত মূল্য= ৯৮,০০,০০০.০০ টাকা ৪. ডুমুরিয়া যুবসংঘ মাঠের পার্শ্ব হতে উপজেলা পরিষদ সংলগ্ন ড্রেন নির্মাণ এবং ডুমুরিয়া হাসপাতাল সংলগ্ন ড্রেন নির্মাণ । যাহার প্রাক্কলিত মূল্য=১,৮০,০০,০০০.০০ টাকা ৫. মাগুরখালী ইউনিয়নে কালভার্ট নির্মান। যাহার প্রাক্কলিত মূল্য=৫০,০০,০০০.০০ টাকা
**ক)** উপজেলা প্রকৌশলী জানান যে, ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা খাতের আওতায় জুন/২২মাসে ৬০,০০,০০০.০০ টাকা বরাদ্দ পাওয়া যায়। অতি স্বল্প সময়ের মধ্যে দরপত্র আহবান করা হয়। নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত দরপত্রে দাখিলকৃত দরদাতার বিবরণ নিম্নে পেশ করা হলোঃ-
প্যাকেজ নং- UnionDP/DUMU/2021-22/W-01
কাজের জন্য ৫৯টি দরপত্র পাওয়া যায়। লটারীর মাধ্যমে ১ম বিজয়ী এন এস এন্টারপ্রাইজ, ডুমুরিয়া, খুলনার দাখিলকৃত দর ৭,৬০,০০০.০০ টাকা।
প্যাকেজ নং- UnionDP/DUMU/2021-22/W-02 কাজের জন্য ৬১ টি দরপত্র পাওয়া যায়। লটারীর মাধ্যমে ১ম বিজয়ী মোঃ আব্দুল হক, ডুমুরিয়া, খুলনার দাখিলকৃত দর ৮,০৭,৫০০.০০ টাকা।
প্যাকেজ নং- UnionDP/DUMU/2021-22/W-03 কাজের জন্য ৬০ টি দরপত্র পাওয়া যায়। লটারীর মাধ্যমে ১ম বিজয়ী মেসার্স রিক্তা এন্টারপ্রাইজ, ডুমুরিয়া, খুলনার দাখিলকৃত দর ৮,৫৫,০০০.০০ টাকা
প্যাকেজ নং- UnionDP/DUMU/2021-22/W-04 কাজের জন্য ৫৯টি দরপত্র পাওয়া যায়। লটারীর মাধ্যমে ১ম বিজয়ী মেসার্স ভাই ভাই এন্টারপ্রাইজ,তেরখাদা, খুলনার দাখিলকৃত দর ৭,৬০,০০০.০০ টাকা
প্যাকেজ নং- UnionDP/DUMU/2021-22/W-05 কাজের জন্য ৫৯ টি দরপত্র পাওয়া যায়। লটারীর মাধ্যমে ১ম বিজয়ী সোহান এন্টারপ্রাইজ, ডুমুরিয়া, খুলনার দাখিলকৃত দর ১০,৪৫,০০০.০০ টাকা
প্যাকেজ নং- UnionDP/DUMU/2021-22/W-06 কাজের জন্য ৫৮ টি দরপত্র পাওয়া যায়। লটারীর মাধ্যমে ১ম বিজয়ী শেখ ওমর ফারুক, ডুমুরিয়া, খুলনার দাখিলকৃত দর ৯,৫০,০০০.০০ টাকা
**খ)** তিনি আরও জানান যে, উপজেলা পরিষদ উন্নয়ন সহায়তা খাতের আওতায় জুন/২২মাসে ২৫,০০,০০০.০০ টাকা বরাদ্দ পাওয়া যায়। একই সাথে দরপত্র আহবান করা হয়। প্রাপ্ত দরপত্রে দাখিলকৃত দরদাতার বিবরণ নিম্নে পেশ করা হলোঃ-

প্যাকেজ নং UPZ/DUMU/2021-22/W-07 কাজের জন্য ৫৯টি দরপত্র পাওয়া যায়। লটারীর মাধ্যমে ১ম বিজয়ী মোঃ ইমরান হোসেন সরদার,সাহস, ডুমুরিয়া, খুলনার দাখিলকৃত দর ৬,৬৫,০০০.০০ টাকা
প্যাকেজ নং- UPZ/DUMU/2021-22/W-08 কাজের জন্য ৫৯টি দরপত্র পাওয়া যায়। লটারীর মাধ্যমে ১ম বিজয়ী তাজ এন্টারপ্রাইজ, সাহস, ডুমুরিয়া, খুলনার দাখিলকৃত দর ৬,১৭,৫০০.০০ টাকা
প্যাকেজ নং UPZ/DUMU/2021-22/W-09 কাজের জন্য ৫৮ টি দরপত্র পাওয়া যায়। লটারীর মাধ্যমে ১ম বিজয়ী মেসার্স ভাই ভাই এন্টারপ্রাইজ,তেরখাদা , খুলনার দাখিলকৃত দর ৫,৪৬,২৫০.০০ টাকা
ঠিকাদারের দেয় দর অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

গ) তিনি আরও জানান যে, ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা খাতের সাশ্রায়কৃত (৫% নিম্নদর) অর্থ হতে ১)উপজেলা পরিষদের সামনে ড্রেনের স্লাব নির্মান ও কালভার্ট মেরামত স্কীমটি গ্রহন করা যেতে পারে। যার প্রাক্কলিত মূল্য=১৬২০০০.০০টাকা ২)উপজেলা পরিষদের চেয়ার সরবরাহ স্কীমটি গ্রহন করা যেতে পারে। যার প্রাক্কলিত মূল্য=১,১০,০০০.০০ টাকা । উক্ত স্কীমটি অনুমোদন করা আবশ্যক।
ঘ) তিনি আরও জানান যে,বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) খাতের সাশ্রায়কৃত (৫% নিম্নদর) অর্থ হতে ১) গুটুদিয়া ইউনিয়নে নিরোধের দোকানের পার্শ্বে ব্রীজ এ্যাপ্রোচ মেরামত স্কীমটি গ্রহন করা যেতে পারে। যার প্রাক্কলিত মূল্য=১৪১০০০.০০টাকা। ২)মালতিয়া মাগুরাঘোনা জামে মসজিদ, খলসি দারুস সালাম জামে মসজিদ, আন্দুলিয়া বায়তুন নুর জামে মসজিদ এবং শাহাপুর গাজীপাড়া শাহী মসজিদ মেরামত স্কীম গ্রহন করা যেতে পারে। যার প্রাক্কলিত মূল্য=২,০০,০০০.০০ টাকা । উক্ত স্কীম গুলি অনুমোদন করা আবশ্যক। স্কীমগুলি পিআইসি এর মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে।
ঙ) তিনি জানান যে, ১) জনাব জলিল শেখ, পিতা-আমজাদ শেখ, গ্রাম- রাজিবপুর,সাজিয়াড়া, ডুমুরিয়া,খুলনা ২) জনাব দেবব্রত রায়, পিতা-দিনবন্ধু রায়, গ্রাম-গুটুদিয়া, ডুমুরিয়া,খুলনা । এই গৃহহীনদের আবাসনের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ০২ টি বাসগৃহ নির্মানের প্রস্তাব করেন এবং তাহা জরুরী ভিত্তিতে আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে।
চ) কুলটি বাদুরগাছা (৬৫ মিঃ দীর্ঘ) ও উলা বাজার শরাফপুর - ইউপি অফিস (৮৪ মিঃ দীর্ঘ) ব্রীজের এ্যাপ্রোজ রোড নির্মানের জন্য ভূমি অধিগ্রহনের জন্য প্রস্তাব করেন।
ছ) রোড ইনভেনটরী হালনাগাদ করার জন্য ইউনিয়ন পরিষদ হতে রাস্তার নাম প্রেরণের প্রস্তাব করেন।
জ) ২০২০-২১ অর্থ বছরের উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের বরাদ্দকৃত অর্থ বিভাজন ও স্কীম গ্রহনের প্রস্তাব করেন।
ঝ)উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল/২০২০-২১ এর আওতায় আটলিয়া ইউনিয়নের রোস্তমপুর পূর্বপাড়ায় শাহাজান গাজীর বাড়ি পর্যন্ত রাস্তার ভাঙ্গনরোধে পাশে পুকুরে বালি দ্বারা ভরাট করার স্কীম ২৪.০৮.২০২২ইং তারিখে মাসিক সমন্বয় সভায় ১৭০০০০.০০ টাকায় গ্রহণ করা হয় । সে মোতাবেক প্রকল্প সভাপতি শেখ শহিদুল ইসলাম, সদস্য, আটলিয়া ইউপি উক্ত কাজ সমাপ্ত করিয়া বিল দাখিল করিয়াছেন। উক্ত বিল প্রদানে সদয় সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান ২০২১-২০২২ অর্থ বছরে ক তালিকাভুক্ত জমি নেই ঘর নেই প্রকল্পের আওতায় ঘর নির্মাণর প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং প্রস্তাবনা প্রেরণ করা হয়েছে। সরকারি খাস জমি চিহ্নিত করার কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে সকলের সহযোগীতা কামনা করেন। | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত গুরুত্বপূর্ণ এ প্রকল্প বাস্তবায়নে সকলের সহযোগীত নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা চেয়ারম্যান (সকল) |
| ৮. | উপজেলা মৎস্য অধিদপ্তর ডুমুরিয়া, খুলনা | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান ডুমুরিয়া উপজেলাতে বেহুন্দি, কারেন্ট জাল, মশারি, চট, পাই, টিং ইত্যাদি ক্ষতিকারক জাল নিষিদ্ধ করা হয়েছে। উক্ত প্রকারের জালসমূহ বিক্রয় ও ব্যবহারকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা মৎস্য বিভাগ সহায়তা করে থাকেন। মাছের ঘেরসমূহ রেজিস্ট্রেশনের বিধান রয়েছে। রেজিস্ট্রেশনভুক্ত ও রেজিস্ট্রেশন বহির্ভূত ঘেরের তালিকা প্রস্তুত করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। | ক্ষতিকারক জাল ব্যবহারকারীদের বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। বৈধ/অবৈধ ঘেরের তালিকা প্রস্তুত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ডুমুরিয়া, খুলনা। |
| ৯. | উপজেলা কৃষি কর্মকর্তা, | উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, এ বছর ডুমুরিয়া উপজেলায় এ বছর ২১২০৫ হেঃ জমিতে বোরো আবাদের লক্ষ্যমাত্রা | নিরাপদ কৃষি পণ্য উৎপাদন ও স্বাস্থ্যবিধি | উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | ডুমুরিয়া, খুলনা | নির্ধারণ করা হয়েছে। ইতিমধ্যে বোরোরোপন কার্যক্রম শুরু হয়ে গেছে। বোরো উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৮০০০ জন কৃষকের মাঝে প্রনোদনার আওতায় প্রতিজনকে ২কেজি করে হাইব্রিড ধান বীজ SL8H বিতরণ করা হয়েছে। শ্রমিক সংকট নিরসনের জন্য উন্নত চাষাবাদ কর্মসূচীর আওতায় ৫০ একর জমি চাষাবাদের জন্য ৩০০ কেজি হাইব্রীড ধানবীজ ব্যবিলন-২ এবং ব্যবিলনট্রেতে বসানো হয়েছে এবং পরবর্তীতে এগুলো রাইস ট্রান্সপ্লান্টারের সাহায্যে রোপন করা হবে। এ সমস্ত কৃষককে ইউরিয়া, ভিএপি,এমওপি, জিপসাম ও দস্তা সার বিতরণ করা হবে এবং যন্ত্র দিয়ে ধানকর্তন করেও দেয়া হবে। সার, কীটনাশককে বা বীজের কোন সংকট নেই। অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কৃষি বিভাগের চলমান কাজ নিয়ে সভায় ব্যাপক আলোচনা হয়। কৃষি বিভাগের কার্যক্রমে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | সম্পর্কে সকলকে সহযোগীতা ও পরামর্শ প্রদান নিশ্চিত করতে হবে। | খাদ্য কর্মকর্তা |
| ১০. | উপজেলা প্রাণি সম্পদ দপ্তর, ডুমুরিয়া খুলনা | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের সার্বিক তত্বাবধানে ন্যাশ্নাল এগ্রিকালচারাল টেকনোলোজী প্রোগ্রাম-ফেজ-২ প্রজেক্ট (এনএটিপি-২) প্রকল্পের আওতায় চলতি মাসে অত্র উপজেলার বিভিন্ন গ্রামে ০৭ টি ভ্যাকসিনেশন ক্যাম্পেইন, ৫ টি মাঠ দিবস সম্পন্ন হয়েছে। আধুনিক প্রযুক্তিতে গরু হৃষ্ট-পুষ্টকরণ প্রকল্পের আওতায় ০১ (এক) টি জনসচেতনতামূলক সেমিনারের আয়োজন করা হয়েছে। লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট (এল ডিডিপি) প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ২৮০০ গরু কে ক্ষুরা রোগের টিকা প্রদান করা হয়েছে। মাঠ পর্যায়ে ভ্যাকসিনেশন কার্যক্রম,কৃত্রিম প্রজনন ও চিকিৎসা সেবাসহ উপজেলা প্রানিসম্পদ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | স্বাস্থ্য সম্মত পশু পালন নিশ্চিত করার নিমিত্ত ও প্রশিক্ষণ ও প্রনোদনা বিতরণে স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ১১. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, প্রতিদিন ডুমুরিয়া উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের ১৪ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে পরিবার পরিকল্পনা সেবা ও মা শিশু স্বাস্থ্য সেবার পাশাপাশি মহামারি করোনা ভাইরাসের উপসর্গ নিয়ে আগত রোগীর সেবা ও পরামর্শ প্রদান করা হচ্ছে। | করোনা পরিস্থিতি বিবেচনা করে সতর্কতার সাথে সেবা প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১২. | উপজেলা শিক্ষা অফিসার | উপজেলা শিক্ষা অফিসার, ডুমুরিয়া জানান যে, ডুমুরিয়া উপজেলাধীন ময়নাপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে চলতি বছরে ভর্তিকৃত শিক্ষার্থী সংখ্যা ০১ জন। সম্প্রতি মহাপরিচালক, | যেহেতু দীর্ঘদিন ধরে ঐ বিদ্যালয়ে বিভিন্ন কারনে শিক্ষার্থী সংখ্যা হ্রাস | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা |

| | | | | |
|---|---|---|---|---|
| | ডুমুরিয়া, খুলনা | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর , ঢাকা মহোদয় সারা বাংলাদেশে যে সকল বিদ্যালয়ে শিক্ষার্থী সংখ্যা -২০ জনের নিচে ঐ সকল বিদ্যালয়ের শিক্ষক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিজে জুম সভা করেন এবং পরিদর্শন করে প্রতিবেদন চান। সে আলোকে পরিদর্শন করে প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করা হয়েছে। এ নিয়ে বিভিন্ন পত্রিকা ও টিভি চ্যানেলে সংবাদ প্রকাশিত হয়েছে। সে আলোকে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দপ্তর থেকে প্রতিবেদন পাওয়া হলে প্রতিবেদন দাখিল করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>(খ) ডুমুরিয়া বাজার ও বাসস্ট্যান্ড সংলগ্ন বিয়াম স্কুলে একটি নিরাপদ সবজি ও দুঃস্থ্য মহিলাদের জন্য বিক্রয় কাম প্রশিক্ষণ কেন্দ্র নির্মান কাজের ঠিকাদার খান শাহীন ডুমুরিয়া, খুলনা নির্ধারিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত করিয়া বিল ভাউচার দাখিল করিয়াছেন। মোট বিলের পরিমান - ৪৪,১৯,৩৬৭/০০। ভ্যাট ৩,৩১,৪৫৩/০০, আয়কর ১,৩২,৫৮১/০০ ও জামানত ৪,৪১,৯৩৭/০০ টাকা। ভ্যাট ও আয়কর বাদে ঠিকাদারের প্রাপ্য ৩৯,৫৫,৩৩৩/০০ টাকা। | পাচ্ছে এবং এলাকায় খানা সংখ্যাও হ্রাস পাচ্ছে। এছাড়া শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধির সম্ভাবনা নেই মর্মে শিক্ষকগণ লিখিত মতামত দিয়েছেন। তাই উক্ত বিদ্যালয়টি বন্ধ করে অন্য বিদ্যালয়ের সাথে মার্জ করার প্রস্তাব প্রেরণের বিষয়ে উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। পরবর্তীতে উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা পাওয়া গেলে সে মোতাবেক ব্যবস্থা গ্রহন করবেন। | অফিসার, ডুমুরিয়া। |
| ১৩. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ডুমুরিয়া খুলনা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ডুমুরিয়া, খুলনা সভায় জানান যে, সৃজনশীল মেধা অন্বেষন প্রতিযোগিতা/২০২২ এ -৪ জন শিক্ষার্থী জেলা পর্যায়ে শ্রেষ্ঠ হন। শিক্ষা প্রতিষ্ঠান চলাকালীন সময়ে পাঠদানকালে কোন শিক্ষক শ্রেনি কক্ষে মোবাইল ফোন নিয়ে প্রবেশ করবেন না। মোবাইল ফোন নিয়ে কোন শিক্ষার্থী প্রতিষ্ঠানে আসতে পারবেনা। শিক্ষা প্রতিষ্ঠান চলাকালীন সময়ে প্রতিষ্ঠান চত্তর বা এলাকায় বখাটেরা যাতে ঘোরাফেরা করতে না পারে সে বিষয়ে আইন শৃঙ্খলা বাহিনীর দৃষ্টি আকর্ষন করা হয়। শিক্ষা প্রতিষ্ঠানের সংক্ষিপ্ত নামের পরিবর্তে ১৭ টি শিক্ষা প্রতিষ্ঠানের পূর্নাঙ্গ নাম ব্যবহার নিশ্চিতকরণের অনুরোধ করেন। ডুমুরিয়া টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ এর সামনে স্পীড ব্রেকার নির্মানের প্রস্তাব করেন। উপজেলা পরিষদের পূর্ব পাশের গেটের রাস্তা সংস্কারের প্রস্তাব রাখেন। | শিক্ষা প্রতিষ্ঠান চলাকালীন সময়ে পাঠদানকালে কোন শিক্ষক শ্রেনি কক্ষে মোবাইল ফোন নিয়ে প্রবেশ করা যাবেনা। শিক্ষা প্রতিষ্ঠান চলাকালীন সময়ে প্রতিষ্ঠান চত্তর বা এলাকায় বখাটেরা যাতে ঘোরাফেরা করতে না পারে সে বিষয়ে আইন শৃঙ্খলা বাহিনী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল উইং, খুলনা, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা /প্রশাসনিক কর্মকর্তা ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান |
| ১৪ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ডুমুরিয়া খুলনা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান ২০২১-২০২২ অর্থ বছরে ডুমুরিয়া উপজেলায় ১৭৮৮৩ জন বয়স্ক ভাতাভোগী ,৯৫০৭ জন বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতাভোগী ও ৫১৩৮ জন অসচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগী,১৮ জন প্রতিবন্ধী | সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগীগণ যাতে যাতে তাদের মোবাইল হিসাবের | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, চেয়ারম্যান (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | শিক্ষার্থী, ১১৯ জন অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষার্থীর, ৯০ জন অনগ্রসর জনগোষ্ঠীর বয়স্ক ভাতাভোগী ও ০১ জন হিজড়া জনগোষ্ঠীর বিশেষ ভাতাভোগীর মোবালি ফিনান্সিয়াল সার্ভিস এর ব্যাংক হিসাবে ৪র্থ কিস্তির অর্থ পরিশোধ করা হয়েছে। উপজেলা সমাজসেবা অফিসার জানান দারিদ্র বিমোচন কর্মসূচীর আওতায় ক্ষুদ্রঋণ কার্যক্রম বিনিয়োগকৃত অর্থের আদায় ও পুনঃ বিনিয়োগ স্বাভাবিকভাবে চলছে।<br>উপজেলা সমাজসেবা অফিসার জানান, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় উপকারভোগীর সংখ্যা ৩২৬৬৬ জন। এর মধ্যে প্রতিবন্ধী ভাতাভোগীর সংখ্যা ৫১৩৮ জন। কিন্তু কার্যালয়টি প্রতিবন্ধী বান্ধব নয়। সমাজসেবা কার্যালয়ের জনবলের তুলনায় কক্ষ বরাদ্দ কম থাকায় মানসম্মত সেবা প্রদানে অসুবিধার সৃষ্টি হচ্ছে। তিনি বলেন কার্যালয়ের সমাজসেবা অফিসারের কক্ষটি যথেষ্ট ছোট, ফলে যথাযথ সেবা প্রদানে অসুবিধার সৃষ্টি হচ্ছে। তিনি অফিসারের কক্ষটির পার্টিশন ওয়াল তুলে ফেলার দাবী করেন এবং কার্যালয়ের কর্মচারীদের জন্য একটি কক্ষ দাবী করেন। পাশাপাশি কার্যালয়টি প্রতিবন্ধী বান্ধব করার আবেদন করেন। | পিন নম্বর কোন অপরিচিত ব্যক্তির নিকট প্রদান না করে সে বিষয়ে গনসচেতনতা সৃষ্টির নিমিত্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়গণকে অনুরোধ করা হয়।<br>উপজেলা সমাজসেবা কার্যালয়ের অফিসারের কক্ষটি বড় করার নিমিত্ত পার্টিশন ওয়াল ভেঙ্গে ফেলার সিদ্ধান্ত গ্রহন করা হয় এবং কার্যালয়ের কর্মচারীদের জন্য একটি কক্ষ বরাদ্দ দেওয়ার সিদ্ধান্ত গ্রহন করা হয়। | |
| ১৫. | জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, ডুমুরিয়া,খুলনা এর মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কাজ বাস্তবায়িত হচ্ছে। জেলা পরিষদের মালিকানাধীন পুনঃখননকৃত ০২ টি পুকুরে সোলার পি এস এফ স্থাপনের কাজ চলমান। পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২২ টি গভীর নলকূপ, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় (৩য় বরাদ্দ) ৩১২ টি গভীর নলকূপ এবং ৫২ টি ৩০০০ লিটার রেইন ওয়াটার হার্ভেষ্টিং বরাদ্দ পাওয়া যায়। বর্তমানে পানির উৎস স্থাপনের কাজ চলমান। প্রাথমিক বিদ্যালয়ে ১৫ টি নলকূপ স্থাপনের কাজ সম্পন্ন এবং ২৩ টি ওয়াশব্লক কাজ চলমান রয়েছে। কাজের ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলমান আছে। | জেলা পরিষদের মালিকানাধীন পুনঃখননকৃত ০২ টি পুকুরে সোলার পি এস এফ স্থাপনের কাজ চলমান রাখা , পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২২ টি গভীর নলকূপ স্থাপনের ও ২৩ টি ওয়াশব্লক কাজ চলমান রাখার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ও চেয়ারম্যান রুদাঘরা, আটলিয়া, শোভনা, শরাফপুর ও রংপুর ইউনিয়ন |
| ১৬. | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে ৪২০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং এ মাসে ০৯ জন যুব/যুব মহিলাকে আত্মকর্মীসহ চলতি অর্থবছরে ৮৭ জন | ২০২১-২০২২ অর্থ বছরে ৪২০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং এ | উপজেলা নির্বাহী অফিসার উপজেলা যুব |

| | | | | |
|---|---|---|---|---|
| | | যুব/যুব মহিলাকে আত্মকর্মে নিয়োজিত করা হয়। আত্মকর্মসংস্থান কর্মসূচীতে এ অর্থ বছরে ৪৮ জন আত্মকর্মীকে ২,৪৪,০০০০/- টাকা যুব ঋন প্রদান করা হয় এবং পরিবারভিত্তিক কর্মসূচীতে ১১২ জনকে ১,৬০,০০০০/- টাকা ক্ষুদ্র ঋন প্রদান করা। এছাড়া ক্লাব রেজিষ্ট্রেশন কার্যক্রমসহ বায়োগ্যাস প্লান্ট কার্যক্রম চলমান রয়েছে। | মাসে ০৯ জন যুব/যুব মহিলাকে আত্মকর্মীসহ চলতি অর্থবছরে ৮৭ জন যুব/যুব মহিলাকে আত্মকর্মে নিয়োজিত করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উন্নয়ন কর্মকর্তা , |
| ১৭. | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্য বিধি ও সামাজিক দুরত্ব বজায় রাখার বিষয়ে সেবা গ্রহণকারী ও নিজ দপ্তরের কর্কর্তা/কর্মচারীদের সচেতন করা হয়েছে। সামাজিক নিরাপত্তার আওতায় ভি.জি.ডি কার্ক্রম চলমান ও উন্নত মার্তৃত্বকাল ভাতা (imlma) কার্যক্রম ২০১৯-২০ অর্থ বছর থেকে শুরু হয়েছে। ২০১৯-২০২০ চক্রের ভিজিডি কার্ডধারীর সংখ্যা ১৮৭৬ জন। ২০২১-২০২২ ভিজিডি চক্রে ১৫০০ জন নতুন ভাতাভোগী নির্বাচনের ক্ষেত্রে অনলাইনে আবেদন গ্রহণের কার্যক্রম সম্পন্ন হয়েছে। ২০১৯-২০অর্থ বছরে ৮১৪ জন ভাতাভোগীকে G2p পদ্ধতিতে সফটওয়ারে এন্ট্রির মাধ্যমে প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ, ক্ষুদ্র ঋণ বিতরণ ও সেলাই মেশিন বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | স্বাস্থ্য বিধি মেনে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। তবে প্রশিক্ষণ মডিউল প্রস্তুতকরতঃ প্রশিক্ষণ শুরুর পূবেই অবহিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা |
| ১৮. | উপজেলা সমবায় কর্মকর্তা | উপজেলা সমবায় কর্মকর্তা, ডুমুরিয়া,খুলনা সভায় জানান যে, ডুমুরিয়া উপজেলা সমবায় কার্যালয়ের আওতায় কেন্দ্রীয় সমবায় সমিতির সংখ্যা ৬টি এবং কেন্দ্রীয় দুগ্ধ সমিতির সংখ্যা ৪টি মোট ১০টি। প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা ৬৭৬টি। এ উপজেলায় ভান্ডারপাড়া, খাজুরা, চুকনগর ও মিকশিমিলে অবস্থিত ৪টি আশ্রয়ণ প্রকল্পের মধ্যে সর্বমোট ঋণ বিতরণের পরিমাণ ৩৮,২২,৫০০/- টাকা এবং আদায়ের পরিমাণ ২৭.৭৯.৮৬৩/- টাকা, অনাদায়ী ঋণের পরিমাণ ১৩,৪০,৫৩৩/- টাকা। ঋণ আদায়ের হার ৭৩%। ডুমুরিয়া উপজেলায় সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রম বিস্তৃত করণের মাধ্যমে বৃহত্তর ফরিদপুর, বরিশাল ও খুলনা জেলার দারিদ্র হ্রাসকরণ ও আর্থ-সামাজিক উন্নয়ন প্রকল্পের আওতায় গঠিত সমবায় সমিতির ৩০০ (তিনশত) জন সদস্যকে ইতোমধ্যে ১,১০,০০০/- (একলক্ষ দশ হাজার) টাকা হারে মোট ৩,৩০,০০,০০০/- টাকা এবং ঘূর্ণায়মান তহবিল হিসেবে মোট ১,১৭,১০০,০০০/- টাকা সর্বমোট ৪,৪৭,০০,০০০/- টাকা ঋণ | এ উপজেলায় ভান্ডারপাড়া, খাজুরা, চুকনগর ও মিকশিমিলে অবস্থিত ৪টি আশ্রয়ণ প্রকল্পের মধ্যে সর্বমোট ঋণ বিতরণের পরিমাণ ৩৮,২২,৫০০/- টাকা এবং আদায়ের পরিমাণ ২৭.৭৯.৮৬৩/- টাকা, অনাদায়ী ঋণের পরিমাণ ১৩,৪০,৫৩৩/- টাকা। ঋণ আদায়ের হার ৭৩%। ডুমুরিয়া উপজেলায় সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রম বিস্তৃত | উপজেলা সমবায় কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা। |



প্রভাষ অধ্যক্ষ.

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত উল্লিখিত ঋণের ৩,০৬,৪৯,০০০/- টাকা আসল এবং ২৩,৭৯,০০০/- সার্ভিস চার্জ আদায় করা হয়েছে। প্রকল্পের আওতায় গ্রামের সাধারণ দরিদ্র ব্যক্তিদের মধ্যে ঋণ প্রদানের ফলে সুবিধাভোগী প্রান্তিক দুগ্ধ উৎপাদনকারী সদস্যগণ ইতোমধ্যেই মোট ৮৬২টি বকনা/গাভী ক্রয় করেছে। এর মধ্যে দুধ উৎপাদনকারী গাভীর সংখ্যা ৬৭৭টি। বর্তমানে সমিতির মাধ্যমে দৈনিক প্রায় ৬৭৭০ লিটার দুধ উৎপাদিত হচ্ছে। সমিতির কার্যক্রম বিস্তৃতকরণের লক্ষ্যে একটি গবাদীপশুর খাবার তৈরির কারখানা ও একটি বায়োগ্যাস প্লান্ট স্থাপন করা হয়েছে।<br>এছাড়া উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় এই উপজেলায় ২টি মাহলা সমবায় সমিতি গঠন করা হয়েছে। এই সমিতি ২টির সুবিধাভোগী ২০০ জন মহিলা সদস্যের মধ্যে জনপ্রতি ১,২০,০০০/- টাকা হিসাবে মোট ২,৪০,০০,০০০/- টাকা এবং আবর্তক ঋণ হিসেবে মোট ৬৬,০০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। বিতরণকৃত ঋণের মধ্যে হতে ইতোমধ্যে আদায় ১,৪৪,৩৫,৩০০/- টাকা আসল এবং ১৪,৩৬,০০০/- টাকা সার্ভিস চার্জ আদায় করা হয়েছে।<br>জুন ২০২২ মাস পর্যন্ত এই উপজেলায় ১১,১১,০০০/- টাকা অডিট ফি এবং ১১,১১,৯৪৮/- টাকা সমবায় উন্নয়ন তহবিল আদায় করা হয়েছে।<br>মে ২০২২ মাস পর্যন্ত এই উপজেলায় ১১,৯৯,০০০/- টাকা অডিট ফি এবং ১৬,১৫,৭০৯/- টাকা সমবায় উন্নয়ন তহবিল আদায় করা হয়েছে। সমবায় সমিতি সমূহের নিরীক্ষা সম্পাদনের হার ১০০% । | করণের মাধ্যমে বৃহত্তর ফরিদপুর, বরিশাল ও খুলনা জেলার দারিদ্র হ্রাসকরণ ও আর্থ-সামাজিক উন্নয়ন প্রকল্পের আওতায় গঠিত সমবায় সমিতির ৩০০ (তিনশত) জন সদস্যকে ইতোমধ্যে ১,১০,০০০/- (একলক্ষ দশ হাজার) টাকা হারে মোট ৩,৩০,০০,০০০/- টাকা এবং ঘূর্ণায়মান তহবিল হিসেবে মোট ১,১৭,১০০,০০০/- টাকা সর্বমোট ৪,৪৭,০০,০০০/- টাকা ঋণ প্রদান করা প্রকল্পের আওতায় গ্রামের সাধারণ দরিদ্র ব্যক্তিদের মধ্যে ঋণ প্রদানের ফলে সুবিধাভোগী প্রান্তিক দুগ্ধ উৎপাদনকারী সদস্যগণ ইতোমধ্যেই মোট ৮৬২টি বকনা/গাভী ক্রয় করেছে। এর মধ্যে দুধ উৎপাদনকারী গাভীর সংখ্যা ৬৭৭ টি হওয়ায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | |
| ১৯. | উপজেলা বন কর্মকর্তা | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, ডুমুরিয়া উপজেলার নার্সারী কেন্দ্রে ২০২১-২২ আর্থিক সনে ১০,০০০/- (দশ হাজার) টি চারা বনজ ও ফলজ চারা উত্তোলন করা হয়। চারাগুলি বিক্রয় বিতরণের জন্য উত্তোলন করা হয়। চারাগুলি নার্সারিতে রয়েছে।<br>তিনি সভায় আরও জানান যে, অত্র উপজেলা ২৮ টি অবৈধ করাতকল রয়েছে। উক্ত করাত কলগুলি বন্ধ করা দরকার। | অবৈধ করাত কলের বিরুদ্ধে উপজেলা প্রশাসনের সহযোগিতায় মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা বন কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এজাজ আহমেদ
চেয়ারম্যান
ডুমুরিয়া উপজেলা পরিষদ
ডুমুরিয়া, খুলনা
ফোনঃ ০৪০২৫-৫৬২২৫ (অফিস)

স্মারক নং-০৫.৪৪.৪৭৩০.০০১.০৬.০০১.২২-৬১৮ (৫০)

তারিখঃ ১৬ শ্রাবন ১৪২৯ / ৩১ জুলাই ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. মাননীয় সংসদ সদস্য-১০৩, খুলনা-০৫,বাংলাদেশ জাতীয় সংসদ।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, খুলনা।
৪. জেলা প্রশাসক, খুলনা
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা
৬. নির্বাহী প্রকৌশলী এল.জি.ই.ডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর/ পানি উন্নয়ন বোর্ড,খুলনা
৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা।
৮. উপপরিচালক, মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, খুলনা।
৯. জেলা শিক্ষা অফিসার, খুলনা।
১০. ----------------------------------------------------------------------------------------জেলা পর্যায়ের দপ্তর সংশ্লিষ্ট প্রধান)
১১. উপজেলা ---------------------------------------------------------------------------, ডুমুরিয়া, খুলনা ;
১২. সহকারী প্রোগ্রামার, ডুমুরিয়া, খুলনা। বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৩. জনাব ----------------------------------------------------------------------

(শরীফ আসিফ রহমান)
উপজলা নির্বাহী অফিসার
ডুমুরিয়া, খুলনা
ফোনঃ ০৪০২৫-৫৬০০১